

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা  
সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	বেগম জেবুন্নেছা করিম অতিরিক্ত সচিব
সভার তারিখ	: ১৫ সেপ্টেম্বর ২০২২
সভার সময়	: বেলা ১১.০০টা
স্থান	: মন্ত্রণালয় সভাকক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

২। সভাপতি মন্ত্রণালয়ের ইনোভেশন টিম-এর সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় এ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এর বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত আলোচনা করা হয়। সভায় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	সিদ্ধান্ত	কার্যক্রম গ্রহণে/ বাস্তবায়নে
২.১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রশিক্ষণ এ মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থার সকল ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে আগামী ৩০ সেপ্টেম্বর'২২-এর মধ্যে আয়োজন করতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম
২.২	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আগামী ১৫ অক্টোবর'২২-এর মধ্যে আয়োজন করতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম
২.৩	মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে এ মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করতে হবে। এ বিষয়ে আইসিটি সেল থেকে পত্র প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ের আইসিটি সেল
২.৪	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেতাবেক ই-ফাইলিং-এর প্রমাণক হিসেবে এ মন্ত্রণালয়ের সকল শাখার হার্ড ফাইলের তথ্য নির্ধারিত ছকে প্রমাণকসহ (ডাক গ্রহণ রেজিস্ট্রারের সংশ্লিষ্ট মাসের স্ক্রিনশট/কপি) আইসিটি সেলে প্রতিমাসের ৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ের সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
২.৫	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তর-এর মাঠ পর্যায়ের অফিসসমূহের ২০২১-২০২২ অর্থবৎসরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক সংগ্রহ পূর্বক আগামী ৩০-০৯-২০২২ ইং তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থা
২.৬	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২-এর আওতায় বাস্তবায়িত উদ্ভাবনী/সেবা সহজীকরণ ধারণা-এর কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের মধ্য থেকে ০১ (এক) টি প্রতিষ্ঠান এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের মধ্য থেকে ০১ (এক) টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করতে হবে এবং এ ধারা অব্যাহত রাখতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম

৩। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বি. মজিব

বেগম জেবুন্নেছা করিম  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৩২.০০৬.১৭.৮৩

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯

১৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (দৃষ্টি আকর্ষণ: ইনোভেশন অফিসার)
- ২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর (দৃষ্টি আকর্ষণ: ইনোভেশন অফিসার)
- ৩) উপসচিব, প্রশাসন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৭) অফিস কপি/গার্ড ফাইল

*Alhossaini*

এ.এস.এম. মেহরাব হোসেন  
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার